



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৪ সেপ্টেম্বর, ২০২০

প্রেসবিজ্ঞপ্তি

গতকাল ১৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটের একাডেমিক কাউন্সিলের ১৬০তম সভা অনলাইনে অনুষ্ঠিত হয়। ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমদ এতে সভাপতিত্ব করেন।

সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭মার্চের ভাষণকে বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক স্তরে পাঠ্যবইয়ে অন্তর্ভুক্ত করার ব্যাপারে হাইকোর্টের নির্দেশনা ও শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের মতামত ও আলোচনার প্রেক্ষিতে ৭মার্চের ভাষণকে পাঠ্যসূচির অন্তর্ভুক্ত করা সিদ্ধান্ত গৃহীত হয়। ‘স্বাধীন বাংলাদেশ অভ্যুদয়ের ইতিহাস’ শিরোনামে কোর্সের অংশ হিসেবে এ ভাষণ পড়ানো হবে।

কোর্সের কাঠামো ও ক্রেডিটসহ আনুষঙ্গিক বিষয় নির্ধারণ করে সুপারিশ প্রদানের জন্য সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. ফয়সল আহম্মদকে আহ্বায়ক করে ৬ (ছয়) সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্য সদস্যবৃন্দ হচ্ছেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. আশফাক হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন প্রফেসর ড. আবু মো. দেলোয়ার হোসেন, শাবিপ্রবির সমাজবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. লায়লা আশরাফুন, পলিটিক্যাল স্টাডিজ বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. জায়েদা শারমিন এবং বাংলা বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. আশ্রাফুল করিম।

উল্লেখ্য, ২০১৭ সালে ইউনেস্কো কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭মার্চের ভাষণ বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি পাওয়ার প্রেক্ষিতে গত শিক্ষাবর্ষ থেকে এ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের পাঠ্যসূচিতে ‘আত্মজৈবনিক রচনা’ শিরোনামে একটি কোর্সে বঙ্গবন্ধুর ‘অসমাপ্ত আত্মজীবনী’ অন্তর্ভুক্ত করা হয়।

রেজিস্ট্রার